



পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে)
মরিচাল, হুলাহাট, পিরোজপুর।



ফোন নং-৬২৩৯৭ ও ৬২২৭৮, ই-মেইল নং-gmppbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৭৯৮০.৫২১.০০১.০৩৮.২৩. ৩৭৫০

তারিখঃ- ১৪ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

“জমি ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিজস্ব অর্থায়নে বরিশাল বিভাগীয় (ক্ষমতাবর্ধন ও আধুনিকায়ন) প্রকল্পের আওতায় ০২ (দুই) টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী স্থানে জমি ক্রয়ের দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম	উপজেলার নাম	অবস্থান ও বিবরণ	ন্যূনতম জমির পরিমাণ
০১	ইন্দুরকানী ৩৩/১১ কেভি, ১০ এমভিএ উপকেন্দ্র	ইন্দুরকানী	ইন্দুরকানী উপজেলার, চরখালী এলাকাস্থ, সেউড়িবাড়িয়া/চরখালী মৌজা।	০.৪০ একর
০২	পাথরঘাটা-২, ৩৩/১১ কেভি, ১০ এমভিএ উপকেন্দ্র	পাথরঘাটা	০১। মঠবাড়ীয়া পাথরঘাটা মহাসড়কের পার্শে নাচনা পাড়া মৌজা। অথবা ০২। লেমুয়া কাকচিরা পাকা সড়কের পার্শে লেমুয়া মৌজা।	০.৪০ একর

শর্তাবলীঃ

০১। বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য কমপক্ষে ০.৪০ (শূন্য দশমিক চল্লিশ) একর জমি উল্লিখিত স্থানের প্রধান/পাকা সড়ক সংলগ্ন স্থানে এবং বৈদ্যুতিক লোড পয়েন্টের কেন্দ্রে হতে হবে। তবে রাস্তার পার্শের সন্মুখভাগে জমির দৈর্ঘ্য কমপক্ষে ১২০ ফুট হতে হবে (কম/বেশী হলে বাস্তব অবস্থার প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে)।

০২। একটি দাগে বর্ণিত সাইজ/পরিমানের জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে দরপত্র দাখিল করতে পারবেন;

০৩। জমি নিষ্কন্টক হতে হবে। দরপত্রের সহিত জমির দৈর্ঘ্য ও প্রস্থ এবং প্রতি শতাংশ জমির একক মূল্য ও সর্বমোট মূল্য (টাকায়) উল্লেখসহ জমির মালিকানার স্বপক্ষে সি.এস.এ, এস.এ, এবং আর.এস খতিয়ান ও পর্চার ফটোকপি; বায়া দলিলের ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং মৌজা ম্যাপের ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে;

০৪। জমির মূল্য জমির মালিকের নামে ‘একাউন্টস পেয়ী চেকের’ মাধ্যমে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পরিশোধ করা হবে এবং সরকারী নিয়মানুযায়ী জমি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় ক্রেতা কর্তৃক বহন করা হবে। তবে গেইন ট্যাক্স জমির মালিককে পরিশোধ করতে হবে;

এমতাবস্থায়, বর্ণিত এলাকায় উল্লিখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে আগামী ২৭-০৪-২০২৩ খ্রিঃ এর মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ ‘জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলাহাট, পিরোজপুর’ অথবা ‘নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, পিরোজপুর বরাবর আবেদন পত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হল।

চলমান পাতা-২

উল্লেখ্য যে, বিস্তারিত তথ্যের জন্য 'জেনারেল ম্যানেজার এর কার্যালয়, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর, সদর দপ্তর, মরিচাল, হলারহাট, পিরোজপুর' এই ঠিকানায় যোগাযোগ করা যাবে।


26-03-20
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

অনুলিপিঃ-(নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ এবং জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালক (দঃ অঃ)/আর্থিক মনিটরিং (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, পিরোজপুর/পাথরঘাটা।
- ০৪। পুলিশ সুপার পিরোজপুর/পাথরঘাটা।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো ঢাকা। (বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানী/পাথরঘাটা।
- ০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, পিরোজপুর।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, পিরোজপুর/পাথরঘাটা।
- ১০। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/মঠবাড়ীয়া/স্বরূপকাঠী/নাজিরপুর/পাথরঘাটা জোনাল অফিস, পিপবিস।
- ১১। এজিএম (অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/সঃসেবা/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন), পিপবিস।
- ১২। এজিএম (আইটি), পিপবিস। (পিরোজপুর পবিসের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ১৩। অফিস কপি/মাষ্টার কপি।


26-03-20
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।